

সমকাল

একশতক প্রকাশের দুই মাস

ব্র্যাক ইউনিভার্সিটিতে 'ক্যাম্পাস সেফগার্ডিং ফ্রেমওয়ার্ক' কর্মশালা

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২৪ মার্চ ২২



ছবি: সংবাদ বিজ্ঞপ্তি

ব্র্যাক ইউনিভার্সিটিতে মঙ্গলবার 'ক্যাম্পাস সেফগার্ডিং ফ্রেমওয়ার্ক' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন ব্র্যাকের ডিরেক্টর অব সোশ্যাল কমপ্লায়েন্স অ্যান্ড সেফগার্ডিং-এর ডিরেক্টর ব্যারিস্টার জেনেফা জব্বার। এই প্রশিক্ষণ কর্মশালায় ব্র্যাক ইউনিভার্সিটির রেজিস্ট্রার ড. ডেভিড ড্যাউল্যান্ড ও প্রক্টর আব্দুল্লাহ রুবায়েত চৌধুরীসহ বিভিন্ন দফতরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

ব্র্যাক ইউনিভার্সিটি শিক্ষক-শিক্ষার্থী ও কর্মীদের জন্য নিরাপদ, সমন্বিত এবং সহায়ক কর্মপরিবেশ নিশ্চিত করতে অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি করেছে যা বুলিং, র্যাগিং ও হয়রানির মতো অপপ্রীতিকর ঘটনাগুলো প্রতিরোধ ও বন্ধ করবে বলে আশাবাদ ব্যক্ত করছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ সদস্যবৃন্দের সমন্বয়ে গঠিত তদন্ত কর্মকর্তাদের একটি দল এবং বেশ কয়েকটি কমিটি সুশৃঙ্খল ব্যবস্থার মাধ্যমে অভিযোগসমূহের তদারিক করে। ব্র্যাক ইউনিভার্সিটি সাইবার বুলিং এবং যৌন হয়রানির মতো ঘটনাগুলোর ক্ষেত্রে স্বচ্ছ ও সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ করে থাকে।